113

দৈনিক ইত্তেফাক

তারিখ 27 JUN 1995
পৃষ্ঠা ২ কলাম ৭

## পরীক্ষার তারিখ আগাইয়া আনা হউক

১৯৯২ সালের মাষ্টার্স প্রিলিমিনারী পরীক্ষা জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ১৯৯৪-এর আগস্টে শেষ হয় এবং দীর্ঘ ৭ মাস পর উহার ফল প্রকাশিত হয়। প্রিলিমিনারীতে অনেক সময় অপচয় হওয়ায় আমরা সংগত কারণেই আশা করিয়াছিলাম যে, মাষ্টার্স ফাইনাল পরীক্ষা ১৯৯৫-এর মধ্যেই নেওয়া হইবে। কিন্তু জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ উক্ত পরীক্ষার তারিখ ১৯৯৬ এর এপ্রিল মাসে নির্ধারণ করিয়াছেন জানিতে পারিয়া অত্যন্ত হতাশ হইয়াছি। উক্ত সময়ে যদি পরীক্ষা গ্রহণ করা হয় তাহা হইলে ফল বাহির হইতে পূর্ব রেকর্ড অনুযায়ী কমপক্ষে '৯৭-এর জানুয়ারী-ফেব্রুয়ারী পর্যন্ত গড়াইবে। অর্থাৎ ২ বছরের কোর্স শেষ হইতে এই বিশ্ববিদ্যালয়ের অধীনেও প্রায় ৫ বছর সময় লাগিবে। সেশন জট নিরসনের মহান উদ্দেশ্যে প্রতিষ্ঠিত জাতীয় বিশ্ববিদ্যালয়েরও দশা যদি এই হয় তবে আক্ষেপ রাখিব কোথায়? তাই সেশন জট নিরসনের স্বার্থে চলতি বছরের মধ্যেই মাষ্টার্স ফাইনাল পরীক্ষা গ্রহণ করার জন্য জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে অনুরোধ করিতেছি।

—টুটুল, কাওছার, জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজ, ঢাকা।